ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩০১
জম্পুইজলা, ১৮ অক্টোবর, ২০২৫

**আন্তর্জাতিক বিপর্যয় ঝুঁকি হ্রাস দিবস উদযাপন উপলক্ষে জম্পুইজলায় র‍্যালি অনুষ্ঠিত**

জম্পুইজলা মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি আন্তর্জাতিক বিপর্যয় ঝুঁকি হ্রাস দিবস উদযাপন উপলক্ষে এক র‍্যালির আয়োজন করা হয়। এই র‍্যালিটি জম্পুইজলা মহকুমা শাসকের কার্যালয় প্রাঙ্গন থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা শেষে জম্পুইজলা বাজারে এসে সমাপ্ত হয়। র‍্যালিতে জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব জানান, ডিসিএম অভিরাম দেববর্মা, ডিসিএম অমৃত দেববর্মা, ডিসিএম সুদীপ দেববর্মা, সরকারী কর্মচারীগণ, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ ও আপদা মিত্রগণ অংশ নেন।

*****